

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.২২৭—জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী ১৯৮৪ ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডারে যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তিনি অডিট এন্ড একাউন্টস বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। পরে তিনি সরকারের উপসচিব পদে যোগদান করেন এবং পর্যায়ক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। জনাব মুসলিম চৌধুরী ৩ অক্টোবর ২০১৭ তারিখে সচিব হিসাবে অর্থ বিভাগে যোগদান করেন এবং অত্যন্ত যোগ্যতা ও দক্ষতার সঙ্গে অর্থসচিবের দায়িত্ব পালন করেন। তিনি প্রায় ৩২ বছর যাবৎ দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে নিজেই নিয়োজিত রেখেছেন।

২। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মুসলিম চৌধুরীকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে, তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে এবং বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রেও তিনি তাঁর পেশাগত দক্ষতার স্বাক্ষর রাখবেন বলে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ০১ শ্রাবণ ১৪২৫/১৬ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন এম জিয়াউল আলম

সচিব, সমন্বয় ও সংস্কার

(৮৬৪৫)

মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

০১ শ্রাবণ ১৪২৫
ঢাকা: ১৬ জুলাই ২০১৮

জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী ১৯৮৪ ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডারে যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তিনি অডিট এন্ড একাউন্টস বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। পরে তিনি সরকারের উপসচিব পদে যোগদান করেন এবং পর্যায়ক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। জনাব মুসলিম চৌধুরী ৩ অক্টোবর ২০১৭ তারিখে সচিব হিসাবে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে যোগদান করেন এবং অত্যন্ত যোগ্যতা ও দক্ষতার সঙ্গে অর্থসচিবের দায়িত্ব পালন করেন।

জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী বিশ্ব ব্যাংক ও ডিএফআইডি'র অর্থায়নকৃত বিভিন্ন প্রকল্পে পরামর্শকের দায়িত্ব পালন করেন এবং বাংলাদেশের আর্থিক খাত সংস্কার ও এর প্রাতিষ্ঠানিকীকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। Integrated Budget and Accounting System (iBAS++) এবং ওয়েব-বেজড বেতন নির্ধারণ, পেনশন রেকর্ড অটোমেশন এবং Electronic Fund Transfer (EFT)-এর মাধ্যমে সরকারি পেনশনার-এর ব্যাংক একাউন্টে মাসিক পেনশনের অর্থ প্রেরণ ও সর্বশেষ ওয়েব-বেজড বেতন বিল দাখিলকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। সরকারি আর্থিক ব্যবস্থাপনা খাতে ই-গভর্ন্যান্স বাস্তবায়নে অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে 'জনপ্রশাসন পদক ২০১৭'-তে ভূষিত করা হয়। এছাড়া তিনি বাংলাদেশে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ ফ্রেমওয়ার্কের প্রাথমিক প্রস্তুতি ও বাস্তবায়নে সক্রিয়ভাবে জড়িত ছিলেন এবং বাংলাদেশ সরকার কর্তৃক পিপিপি কৌশল ও নীতিমালা প্রণয়নে অন্যতম ভূমিকা পালন করেন। সরকারের বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস সংস্কার করে নতুন শ্রেণিবিন্যাস প্রণয়নে তিনি মুখ্য ভূমিকা পালন করেন।

জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী প্রায় ৩২ বছর যাবৎ দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন। তিনি শীঘ্রই বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন। উক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রেও তিনি তাঁর পেশাগত দক্ষতার স্বাক্ষর রাখবেন বলে মন্ত্রিসভা আশা প্রকাশ করছে।

সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা জনাব মুসলিম চৌধুরী-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে। মন্ত্রিসভা মোহাম্মদ মুসলিম চৌধুরী ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd